

28

রাজশাহী ভার্সিটি বিএসসি
বি কম পরীক্ষার ফল

বি কম-এ ৬৫টি কলেজ থেকে কেউ পাস করেনি

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা : রাজশাহী,
২৪ নবেম্বর।-রাজশাহী বিশ্ববিদ্যালয়ের
'৯০ সালের ডিগ্রী পাস বি এসসি ও বি
কম পরীক্ষার ফল আজ প্রকাশিত হয়েছে।

বিএসসি পরীক্ষায় পাসের হার ২২
দশমিক ৮৫ ও বি কম পরীক্ষার পাসের
হার ২৪ দশমিক ৪২। বিএসসিতে অংশ-
গ্রহণকারী ৬ হাজার ৫৬৮ জন পরীক্ষার্থীর
মধ্যে ১৯৭ জন দ্বিতীয় শ্রেণী ও ১ হাজার
(শেষ পৃঃ ৩-এর কঃ সঃ)

বি কম-এ ৬৫টি

(প্রথম পৃঃ পর)

৩০৪ জন তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে।
অন্যদিকে, বি কম পরীক্ষায় ৮ হাজার
৫৮২ জন পরীক্ষার্থীর মধ্যে ১৪৪ জন
দ্বিতীয় শ্রেণী ও ১ হাজার ৯৫২ জন তৃতীয়
শ্রেণীতে পাস করেছে।
উভয় পরীক্ষাতে কেউ প্রথম শ্রেণী
পায়নি। বিএসসিতে ৬টি কলেজ থেকে
কেউ পাস করেনি। বি কম পরীক্ষায়
১৮১টি কলেজের মধ্যে ৬৫টি কলেজ
থেকে কেউ পাস করেনি।

38